মেহেরপুর প্রকাশ্য দিবালোকে মুক্তিযোদ্ধার টাকা ছিনতাই, একজন আটক

মেহেরপুরে প্রকাশ্য দিবালোকে বীরমুক্তিযোদ্ধা বেগম সালেহার টাকা ছিনতাই করার সময় কালু নামের এক ছিনতাইকারীকে আটক করেছে পুলিশ।

বুধবার দুপুর বারোটার দিকে মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়া প্রগতি ক্লিনিকের সামনে এ ঘটনা ঘটে।

জানা গেছে, বীর মুক্তিযোদ্ধা বেগম সালেহা মেহেরপুর প্রধান ডাকঘরে সঞ্চয় টাকা সংগ্রহ করে বাসায় যাচ্ছিলেন। এ সময় কালু ও রুবেল নামের দুই ছিনতাইকারী তার হাতে থাকা ব্যক্তি ছিনিয়ে নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এসময় বীর মুক্তিযোদ্ধা বেগম সালেহার চিৎকারে মেহেরপুর জেলা পুলিশের বিশেষ শাখার এসআই সোহেল এবং এসআই ইব্রাহিম এলাকাবাসীর সাহায্যে কালুকে আটক করে।

আটককৃত কালু মেহেরপুর শহরের গোরস্থান পাড়া এলাকার রবিউল ইসলামের ছেলে এবং পলাতক রুবেল একই এলাকার মঈন ড্রাইভারের ছেলে। বীর মুক্তিযোদ্ধা বেগম সালেহা বলেন পোস্ট অফিস থেকে টাকা তুলে আমি ব্যাগের ভিতর ১০ হাজার টাকা নিয়ে রাস্তা দিয়ে হেটে যাচ্ছিলাম।

এ সময় দু’জন ছিনতাইকারী আমার ব্যাগটি ছিনিয়ে নিয়ে নিয়ে গেলে আমি চিৎকার করতে থাকি। আমার চিৎকারে আশপাশের লোকজন এবং পুলিশের দুজন সদস্য একজনকে আটক করেছে। এবং অপর একজন ছিনতাইকারী আমার টাকা নিয়ে পালিয়ে যায়। পরে সেখানে মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার(সার্কেল) অপু সরোয়ার ও সদর থানার ওসি শাহদারা খান উপস্থিত হয়ে ঘটনাটি পর্যবেক্ষণ করেন। আটককৃত কালুর বিরুদ্ধে ডাকাতি ও ছিনতাইয়ের একাধিক মামলা রয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

এ ঘটনায় পলাতক আসামি রুবেলকে আটক এবং টাকা উদ্ধারের জন্য মেহেরপুর সদর থানা পুলিশ মাঠে নেমেছে বলে জানিয়েছেন মেহেরপুর সদর থানার ওসি শাহদারা খান।

মেহেরপুরে ফেন্সিডিল ও মোটরসাইকেলসহ দু’জন আটক

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে অভিযান চালিয়ে ১৬ বোতল ফেন্সিডিল ও একটি মোটরসাইকেলসহ দু’জনকে আটক করেছে পুলিশ।

আজ বুধবার বিকাল সাড়ে ৩টার দিকে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে সঙ্গীয় এস আই মোঃ বিশ্বজিৎ সরকার এ এস আই মাহতাব উদ্দিন এ অভিযান পরিচালনা করেন।

আটকৃতরা হলেন আশরাফপুর গ্রামের আবুল কাশেমের ছেলে মোঃ আরিফুল পিন্টু (৩৫), জাফর আলীর ছেলে আব্দুস সালাম (৩০)।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে আরিফুল ইসলামের বাড়ি থেকে ২ বোতল এবং আব্দুস সালামের বাড়ি থেকে ১৪ বোতল ফেন্সিডিল ও একটি মোটরসাইকেল উদ্ধার করা হয়। পরে তাদের বিরুদ্ধে সদর থানায় মামলা দায়ের করা হয়েছে।

মহেশপুরে মোটরচালিত ভ্যান উল্টে প্রাণ গেল এক শিশুর

ঝিনাইদহের মহেশপুরে মোটরচালিত ভ্যান উল্টে তাসকিন নামে ৮ বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

বুধবার বিকালে মহেশপুর উপজেলার বিদ্যাধরপুর গ্রামে এ দূর্ঘটনা ঘটে। দূর্ঘটনায় মারা যাওয়া শিশুটি মহেশপুরের আজমপুর ইউনিয়নের মেইন আলামপুর গ্রামের ওলিউল্লার একমাত্র ছেলে।

প্রতিবেশীরা জানান, বুধবার বিকালে আলামপুর নিজ বাড়ি থেকে মুসকান

একটি ছাগল নিয়ে মোটরচালিত ভ্যান যোগে মদনপুর গ্রামে যাচ্ছিল। পথিমধ্যে বিদ্যাধরপুর গ্রামে পৌছালে দ্রুতগতিতে যাওয়া ভ্যানটি সড়কে উল্টে যায়। এসময় মুসকান সড়কের উপর ছিটকে পড়ে বুকে গুরতর আঘাত পায়। স্থানীয় পথচাররীরা আহত শিশুটিকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক রমিজ উদ্দিন তপু জানান, হাসপাতালের জরুরী বিভাগে আসার পূর্বেই শিশুটি মারা যায়। তার বুকের নিচে আঘাতের চিহ্ন ছিল। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। একমাত্র ছেলেকে হারিয়ে পাগল প্রায় মুসকানের বাবা-মা। এখবর লেখা পর্যন্ত শিশুটির মরদেহ কোটচাঁদপুর হাসপাতালেই রাখা ছিল।

জীবননগরে ভৈরব নদী খনন, বালু বিক্রির মহাউৎসব

জীবননগর উপজেলার বাকা ইউনিয়ন ও আন্দুলবাড়িয়া ইউনিয়নের এলাকা দিয়ে প্রবাহিত ভৈরব নদী পুনঃখননের কাজ চলছে। ৬ কিলোমিটার দীর্ঘ এই নদী খননে খরচ হচ্ছে প্রায় ৮ কোটি টাকা ৪লক্ষ টাকা । বিপুল পরিমাণ টাকা বরাদ্দ থাকার পরও খননের নামে খননযন্ত্র দিয়ে নদী থেকে বালু তুলে বিক্রি করা দিচ্ছে।

অনুসন্ধানে জানা গেছে, নদী খননের কাজ পাওয়া ঠিকাদার নাসির উদ্দিন মোল্লা কোনো কাজই করছেন না। তিনি ঝিনাইদহ জেলার মোসাব্বির এন্টারপ্রাইজ কে সাব ঠিকাদার হিসাবে কাজ দিয়েছেন। সাব ঠিকাদারের নিকট থেকে আন্দুলবাড়িয়া ইউনিয়ন আওয়ামীলীগ নেতা মিজা লিটন, যুবলীগ নেতা বিল্লাল,বিপুলসহ এলাকার বেশ কিছু ব্যাক্তি খননের মাটি এলাকার বিভিন্ন মসজিদ,মাদরাসা ও শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের নাম করে এলাকার কিছু শ্রমিক নিয়োগ করে স্থানীয় যন্ত্রের মাধ্যমে বালু তুলে গাড়ি প্রতি ১হাজার টাকা দরে বিক্রি করছেন।

যশোর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলীর কার্যালয় সূত্রে

করছেন। বালু বা মাটি বিক্রয়কোরীদের সঙ্গে তাঁদের কোনো সম্পর্ক নেই।স্থানীয় নেতাকমিরা নদী থেকে বালু উত্তলন করছে ।

এ দিকে আওয়ামীলীগ নেতা মিজা লিটন,যুবলীগ নেতা বিল্লালের সাথে যোগাযোগ করার জন্য মুটোফোনে চেষ্ঠা করা হলে ফোনটি রিসিপ না করায় তাদের বক্তব্য নেওয়া সম্ভব হয়নি তবে যুবলীগ নেতা বিপুলের সাথে কথা বললে তিনি বলেন, নদী খনন করা বালু বা মাটি বিক্রি করে কুলতলা গ্রামের মসজিদের উন্নয়ন কাজে দেওয়া হচ্ছে।এখান থেকে বালু বিক্রি করে আমরা কেউ কোন ভাগ নিচ্ছি না ।আমাদের নামে যে অভিযোগ উঠেছে তা সঠিক না।

জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ আরিফুল ইসলাম বলেন, ভৈরব নদী খননের বালু বা মাটি কোন ভাবেই বিক্রি করার সুযোগ নেই। ৬ কিলোমিটার অংশের খনন করে উত্তোলিত বালু বা মাটি নদীর পাড় বাদার কাজে লাগাতে হবে। আমরা বেশ কিছু অভিযোগের ভিক্তিত্বে কুলতলা গ্রামে ভ্রাম্যান অভিযান পরিচালনা করা হয় এবং নদী থেকে অবৈধ ভাবে বালু তোলার পাইপ নষ্ঠ করে দেওয়া হয়।এবং বালু যাতে আর না তোলে সে বিষয়ে নিদেশ দেওয়া হয় কোনো অবস্থাতেই কেউ অবৈধ ভাবে নদী থেকে বালু তুলে তা বিক্রি করতে পারবেন না।তবে এ ধরনের কাজ যদি কেউ করে থাকে তা হলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে নদী খননের নামে বাংলা ড্রেজার বসিয়ে বালু ও মাটি উত্তোলনের কারনে হুমকির মুখে পড়েছে এলাকার বেশ কিছু ফসলী জমি।স্থানীয়দের দাবি নদী খননের নামে বালু উত্তোলন বন্ধ না করলে চরম বিপাকে পড়বে সাধারন মানুষ।

মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা আজেরউদ্দিন

গাইনের দাফন

মেহেরপুরের মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা আজেরউদ্দীন গাইন কে গার্ড অব অনার প্রদান শেষে দাফন করা হয়েছে।

বুধবার বিকেল সাড়ে ৪ টার সময় মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়নের গোপালনগর গ্রামের মৃত,পতন গাইন এর ছেলে বীর মুক্তিযোদ্ধা আজেরউদ্দীন গাইন কে গোপালনগর কবরস্হানের সামনে গার্ড অব অনার প্রদান করা হয়। এ সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার রাষ্ট্রের পক্ষে গার্ড অব অনার প্রদান করেন। এ সময় উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদি রাসেল , বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন ও আব্দুর রব উপস্থিত ছিলেন।
গার্ড অব অনারের সময় উপস্থিত কর্মকর্তা ও মুক্তিযোদ্ধাবৃন্দ মৃত বীর মুক্তিযোদ্ধা আজেরউদ্দীন গাইন এর মরদেহ জতীয় পতাকা দিয়ে আচ্ছাদন করে সন্মান প্রদর্শন করেন। পরে পুলিশের একটি চৌকষ দল রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করেন।
গার্ড অব অনার শেষে গোপালনগর কবস্থানে তার লাশ দাফন করা হয়। উল্লেখ্য, মুজিবনগর উপজেলার বীর মুক্তিযোদ্ধা আজেরউদ্দীন গাইন
(৮৫) দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। বুধবার দুপুর ২ টার দিকে বার্ধক্যজনিত কারনে নিজ বাসভবনে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তিনি ৪ সন্তানসহ অসংখ্য গুনাগ্রাহী রেখে গেছেন।

ঝিনাইদহে সরকারি বন্দবস্ত পাওয়া জমিতে ঘর নির্মাণে বাধা দেওয়ার অভিযোগ

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী ইউনিয়নে ভূমিহীনদের বসবাসের জন্য সরকারী ভাবে ৯৯বছরের জন্য বরাদ্দ দেওয়া জমিতে ঘর নির্মানে বাধা দেওয়া এবং চাঁদা দাবির অভিযোগ পাওয়া গেছে।

গাংনীতে গাঁজা ও ফেনসিডিলসহ তিন মাদক পাচারকারী গ্রেপ্তার

এক কেজি ২০০ গ্রাম গাঁজা ও ২০ বোতল ফেনসিডিলসহ তিন মাদক পাচারকারীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ বুধবার বিকেলে মেহেরপুরের গাংনী থানা পুলিশের একটি টীম এ উপজেলার ঝোড়াঘাট ভাটার মাঠ এলাকায় এ অভিযান চালায়। এসময় মাদক বিক্রির ১৪ হাজার ৮০০ টাকা ও মাদ বহনের কাজে ব্যবহৃত একটি অ্যাপাচি আরটিআর মোটর সাইকেল জব্দ করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন- কুষ্টিয়ার হরিপুরের মৃত লোকমান মোল্লার ছেলে এলিম মোল্লা(৩৮), মিরপুর উপজেলার নওদা গোবিন্দপুরের জিল্লুর রহমানের ছেলে রাশিদুল(৩২) ও আব্দুল আজিজের ছেলে মতিউর রহমান(৩২)।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গাংনীর ঝোড়াঘাট ভাটার মাঠে মাদক কেনা বেচা হচ্ছে মর্মে এসআই শরীফ হাবিবের নেতৃত্বে পুলিশের একটি টীম অভিযান চালায়। এসময় তাদের কাছে গাজা ও ফেনসিডিল পাওয়া গেলে তাদেরকে গ্রেপ্তার করা হয়। জব্দ করা হয় মাদক বিক্রির ১৪ হাজার ৮০০ টাকা ও তাদের ব্যবহৃত একটি অ্যাপাচি আরটিআর মোটর সাইকেল(যার নং- কুষ্টিয়া ল- ১১- ৬১৭৪)। তাদের বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করা হচ্ছে।

ঝিনাইদহে স্কুলের সিঁড়িতে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গুরুত্বপুর্ণ চারটি পৃথক সড়ক পাকা করণ কাজের উদ্বোধন করেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। ২০২০-২১ অর্থ বছরের (কে ডি আর আই ডি পি) এর আওতায় গাংনী উপজেলা এলজিইডি পাকা সড়ক নির্মাণ কাজ বাস্তবায়ন করবেন।

সড়ক গুলি হচ্ছে- কাথুলী ধলা থেকে কাজিপুর সড়ক,সাহারবাটি থেকে শ্যামপুর সড়ক-ও বামুন্দি থেকে নওদাপাড়া সড়ক। এ সময় রাইপুর ইউনিয়ন ভুমি অফিসের একটি নতুন ভবনের নির্মাণ কাজের উদ্বোধন করেন এমপি সাহিদুজ্জামান খোকন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা প্রকৌশলী ফয়সাল আহম্মেদ, উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুল ইসলাম মাস্টার,কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মুর্শেদ,সদস্য মজিরুল ইসলাম,সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের ব্যাক্তিসহ স্থানীয়রা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নির্মিত হচ্ছে ৩০টি ‘বীর নিবাস

স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে মেহেরপুরের অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধা আবাসন নির্মাণ প্রকল্পে’র আওতায় (প্রথম পর্যায়ে) ৩০ জন পাচ্ছেন প্রধানমন্ত্রীর উপহার ‘বীর নিবাস’।

জেলা প্রশাসন সূত্র জানিয়েছে, মেহেরপুর সদর উপজেলায় ১১ জন, মুজিবনগর উপজেলায় ৭ জন ও গাংনী উপজেলায় ১২ জনসহ মোট ৩০ জন মুক্তিযোদ্ধার নামে এই বীর নিবাস বরাদ্দ দেওয়া হয়েছে।

‘অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ’ প্রকল্পের আওতায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে মেহেরপুর জেলায় ৪ কোটি ২ লাখ ৯০ হাজার টাকা বরাদ্দ দিয়েছে। প্রতিটি বীর নিবাস নির্মাণের প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ১৩ লাখ ৪৩ হাজার ।